# বিরহ

যক্ষ শুধু মেঘ দেখেনি
আমিও দেখি রোজ
বুকের মাঝে বিরহ এত
কে রাখে তার খোঁজ

যে দুদিন নেইকো তুমি
গেছ বর্ধমানে
পুঞ্জীভূত স্মৃতির রাশি
পিছন পানে টানে

মেঘকে বৃথা থামতে বলি
যদিও ঘরে ফোন
পথেঘাটে মোবাইলের
হাজার বিজ্ঞাপন

এরপরেও কি বিরহে আজ
মগ্ন হওয়া সাজে
স্বাধিকারে যেমন যক্ষ
ভুল করেছে কাজে

হাজার সুখে পাইনি তাকে
পেয়েছি শুধু শোকে
যক্ষ যেমন জানিয়েছিল
একশ কুড়ি শ্লোকে

দূরেও নয় কাছেও নয়
দেখছি তুমি ঘরে
তবু বুকের মধ্যে
কাঁদছে নীচু স্বরে

অনন্ত দাশ

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com